



পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং - ০৩/২০১৩

০৫ সেপ্টেম্বর ২০১৩
তারিখ : -----
২১ ভাদ্র ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ATM / POS লেনদেন নিরাপদ ও ঝুঁকি মোকাবেলায় ব্যাংকসমূহের করণীয় প্রসঙ্গে।

পরিলক্ষিত হচ্ছে যে, তফসিলী ব্যাংকসমূহ পেমেন্ট সিস্টেমস্ এর মাধ্যমে লেনদেন উন্নততর ও সহজীকরণের লক্ষ্যে বিভিন্ন ধরনের ইলেক্ট্রনিক পেমেন্ট মিডিয়া / চ্যানেল ব্যবহার করছে। এ সকল ইলেক্ট্রনিক পেমেন্ট মিডিয়া / চ্যানেল ব্যবহারের ঝুঁকি হ্রাস ও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার মাধ্যমে গ্রাহকদের স্বার্থ সংরক্ষণ এবং তাদেরকে ইলেক্ট্রনিক লেনদেনে অধিকতর উদ্বুদ্ধকরণের লক্ষ্যে নিম্ন বর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে :

২) অবকাঠামোগত নিরাপত্তা (Physical Security)

১. ATM বুথে প্রশিক্ষিত সিকিউরিটি গার্ডের সার্বক্ষণিক পাহারা নিশ্চিত করতে হবে।
২. ATM বুথে কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ কোন ধরনের নতুন যন্ত্র স্থাপন/মেরামত করতে আসলে বুথে কর্মরত সিকিউরিটি গার্ড ব্যাংকের এ বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে ফোন করে ঐ ব্যক্তির পরিচয় নিশ্চিত করবে। প্রয়োজন বোধে সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তা ATM বুথে সশরীরে উপস্থিত হয়ে এরূপ ব্যক্তি/ব্যক্তিবর্গের পরিচয় নিশ্চিত করবেন।
৩. Help Desk বাস্তবায়ন করে নিয়োজিত কর্মকর্তার নাম ও যোগাযোগের ফোন নম্বর নোটিশ হিসাবে ATM বুথে প্রদর্শনের ব্যবস্থা করে গ্রাহকদের সমস্যার তাৎক্ষণিক সমাধান নিশ্চিত করতে হবে।

৩) সচেতনতা সৃষ্টি (Awareness Building)

১. ATM/POS মেশিনে সংঘটিত জাল/জালিয়াতি সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ করে গ্রাহকদেরকে সচেতন/সতর্ক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২. ATM ব্যবহারের সঠিক নিয়মাবলী সহজবোধ্য ভাষায় পোস্টার আকারে বুথের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

(এস.এম. রেজাউল করিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩১১